গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা
(সংশোধিত)

# Implementation Manual for Allowances to the Husband Deserted Destitute women and the Widow

**(Revised)**

সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
২০১৩

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | পটভূমি | ৪ |
| ২ | সংজ্ঞা | ৫ |
| ৩ | কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য | ৫ |
| ৪ | কর্মসূচি বাস্তবায়নের কৌশল | ৫ |
| ৫ | কর্মসূচির পরিধি | ৫ |
| ৬ | বাস্তবায়ন কর্তৃপক্ষ | ৫ |
| ৭ | সমীক্ষা/তথ্য সংগ্রহ | ৬ |
| ৮ | প্রার্থী নির্বাচনের মানদন্ড | ৬ |
| ৯ | ভাতা প্রাপকের যোগ্যতা ও শর্তাবলী | ৬ |
| ১০ | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রাপ্তির অযোগ্যতা | ৭ |
| ১১ | প্রার্থী বাছাই পদ্ধতি | ৭ |
| | ১১.১ বাছাই কমিটি | ৭ |
| | ১১.২ ভাতা প্রদানের জন্য প্রচার ও দরখাস্ত আহবান | ৭ |
| | ১১.৩ প্রার্থী বাছাই প্রক্রিয়া | ৭-৮ |
| ১২ | বাতিল প্রক্রিয়া | ৮ |
| ১৩ | ভাতা পরিশোধ পদ্ধতি | ৮-১১ |
| ১৪ | ভাতাভোগীর তালিকা ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি | ১১-১২ |
| ১৫ | পরিবীক্ষণ ও মূল্যায়ন | ১২-১৩ |
| ১৬. | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কমিটিসমূহ | ১৪ |
| | ১৬.১ ইউনিয়ন কমিটি | ১৪ |
| | ১৬.২ কমিটির রূপরেখা | ১৪ |
| | ১৬.৩ কমিটির কর্মপরিধি | ১৪ |
| | ১৬.৪ নির্বাচন স্থগিত এমন ইউনিয়ন পরিষদ কমিটি | ১৪ |
| ১৭ | স্থানীয় গণ্যমান্য বক্তি | ১৪ |
| ১৮ | উপজেলা কমিটি | ১৫ |
| | ১৮.১ কমিটির রূপরেখা | ১৫ |
| | ১৮.২ কমিটির কর্মপরিধি | ১৫ |
| ১৯ | পৌরসভা কমিটি (সকল শ্রেণীর পৌরসভার জন্য) | ১৬ |
| | ১৯.১ কমিটির রূপরেখা | ১৬ |
| | ১৯.২ কমিটির কর্মপরিধি | ১৬ |

| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ২০ | জেলা স্টিয়ারিং কমিটি | ১৭ |
| | ২০.১ কমিটির রূপরেখা | ১৭ |
| | ২০.২ কমিটির কর্মপরিধি | ১৭ |
| ২১ | জাতীয় স্টিয়ারিং কমিটি | ১৮ |
| | ২১.১ কমিটির রূপরেখা | ১৮ |
| | ২১.২ কমিটির কর্মপরিধি | ১৮ |
| ২২ | সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচি'র সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি | ১৯ |
| | ২২.১ কমিটি গঠন | ১৯ |
| | ২২.২ কমিটির কর্মপরিধি | ১৯ |
| ২৩ | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার কার্যক্রমের তথ্য সংগ্রহ ফরম: | ২০ |
| ২৪ | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা মঞ্জুরীর আবেদন পত্র | ২১-২২ |
| ২৫ | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা পরিশোধ বহি | ২৩-২৫ |
| ২৬ | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা পরিশোধ বহি বিতরণ রেজিস্টার | ২৬ |
| ২৭ | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা পরিশোধ রেজিস্টার এর নমুনা | ২৭ |
| ২৮ | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের তালিকা সম্বলিত রেজিষ্টার এর নমুনাঃ | ২৮ |
| ২৯ | ভাতা প্রাপ্তির যোগ্য বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের অপেক্ষমাণ তালিকা সম্বলিত রেজিষ্টার এর নমুনাঃ | ২৯ |

## বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা

**১. পটভূমিঃ**

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। দেশের পল্লী এলাকায় বসবাসরত অধিকাংশ মানুষই দারিদ্র পীড়িত। এদের মধ্যে মহিলাদের অবস্থা আরো শোচনীয়। গ্রামের দরিদ্র, অসহায় ও অবহেলিত মহিলা জনগোষ্ঠীর মধ্যে বিশেষ করে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের অবস্থা অত্যন্ত শোচনীয় ও করুণ।

১.১ সরকারের আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও পল্লী অঞ্চলের বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের দারিদ্র ও অসহায়ত্বের কথা বিবেচনা করে তাদের দুঃখ-দুর্দশা লাঘব করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদানের প্রস্তাবটি অনুমোদিত হওয়ার পরিপ্রেক্ষিতে ১৯৯৮ সালে সমাজকল্যাণ মন্ত্রণালয়কে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের জন্য ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়নের নির্দেশ প্রদান করা হয়। ১৯৯৮ সালে সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে ৪,০৩,১১০ জন বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলার প্রতিজনকে এককালীন ১০০ টাকা হারে ভাতা বিতরণ করা হয়।

১.২ একই প্রক্রিয়ায় উক্ত মন্ত্রণালয় কর্তৃক ১৯৯৯ সনে সমসংখ্যক বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের মধ্যে ৪,০৩,১১,০০০ (চার কোটি তিন লক্ষ এগার হাজার) টাকা বিতরণ করা হয়েছে। ১৯৯৯-২০০০ অর্থ বছরে ২৫ কোটি টাকা জাতীয় বাজেটে বরাদ্দ রাখা হয় এবং ঐ অর্থ বছর থেকেই বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের মধ্যে ভাতা প্রদান কার্যক্রম নিয়মিত পরিচালনার ব্যাপারে সরকার সিদ্ধান্ত গ্রহণ করে।

১.৩ মহিলা ও শিশু বিষয়ক কর্মসূচির সাথে অধিক সম্পৃক্ততা থাকায় ২০০৩-২০০৪ অর্থ বছর থেকে আলোচ্য কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়। সরকার কর্তৃক পুনরায় বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা কর্মসূচি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপর ন্যস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ জন্য সরকার কর্তৃক সমাজকল্যাণ মন্ত্রণালয়ের *Rules of Business* পরিবর্তন করে এসআরও জারী করা হয়েছে যা নিম্নরূপ :

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**প্রজ্ঞাপন**
**তারিখ, ২৪ জ্যৈষ্ঠ ১৪১৭ বঙ্গাব্দ/০৭ জুন ২০১০ খ্রিষ্টাব্দ**

**এস, আর, ও নং ১৬২-আইন/২০১০-০৪.৪২৩.০২২.০২.০১.০০৫.২০১০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৫(৬) তে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি *Rules of Business 1996* এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা ঃ**

**উপরোক্ত *Rules এর Schedule-1 (Allocation of Business among the different Ministries and Divisions)* এর**

**(ক) *"38 MINISTRY OF WOMEN AND CHILDREN AFFAIRS"* শিরোনামার ক্রমিক নং *11A* এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি বিলুপ্ত হইবে;**

**(খ) *"37 MINISTRY OF SOCIAL WELFARE"* শিরোনামার ক্রমিক নং *4* এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রির পর নিম্নরূপ একটি নূতন ক্রমিক নং এবং এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথা ঃ**

***"4A Allowances to the husband deserted destitute women and the widow"***

**২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।**

**রাষ্ট্রপতির আদেশক্রমে**
**এম আবদুল আজিজ এসডিসি**
**মন্ত্রিপরিষদ সচিব**

১.৪ উপর্যুক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের মধ্যে নিয়মিতভাবে ভাতা প্রদানের সুবিধার্থে একটি সুসংহত ও বাস্তবধর্মী নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা দেখা দেয়। এ প্রয়োজনীয়তা উপলব্ধি করে নীতিমালাটি প্রণয়ন করা হলো।

**০২.সংজ্ঞা :**

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কর্মসূচি আওতায় -'বিধবা' বলতে তাদেরকেই বুঝানো হবে যাদের স্বামী মৃত;

'স্বামী পরিত্যক্তা' বলতে তাঁদেরকেই বুঝানো হবে যাঁরা স্বামী কর্তৃক তালাকপ্রাপ্তা বা অন্য যে কোন কারণে অন্ততঃ দু'বছর যাবৎ স্বামীর সংগে যোগাযোগ বিচ্ছিন্ন বা একত্রে বসবাস করেন না ।

**০৩. কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য :**

দেশের বয়োজ্যেষ্ঠ দুঃস্থ, অবহেলিত, পশ্চাৎপদ, দরিদ্র এবং অনগ্রসর মানুষের কল্যাণ ও উন্নয়নের লক্ষ্যে সরকার বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা কর্মসূচি প্রবর্তন করে। এ কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ ঃ

১. বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক নিরাপত্তা বিধান;
২. পরিবার ও সমাজে তাঁদের মর্যাদা বৃদ্ধি ;
৩. আর্থিক অনুদানের মাধ্যমে তাঁদের মনোবল জোরদার করা ;
৪. চিকিৎসা সহায়তা ও পুষ্টি সরবরাহ বৃদ্ধিতে আর্থিক সহায়তা প্রদান ।

**০৪.কর্মসূচি বাস্তবায়নের কৌশল :**

বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের সম্বন্ধে তথ্য সংগ্রহ এবং তার মাধ্যমে প্রকৃত সংখ্যা নিরূপণপূর্বক সমাজসেবা অধিদফতরের জনবল, স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও সুধীজনের সহযোগিতায় এ নীতিমালা অনুসরণ করে প্রকৃত দুঃস্থ ও অসহায় মহিলাদের তালিকা প্রণয়ন করে বরাদ্দ অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে ভাতা প্রদান করা হবে।

**০৫. কর্মসূচির পরিধি :**

বাংলাদেশের সকল উপজেলা ও উন্নয়ন সার্কেল এবং সকল শ্রেণীর পৌরসভায় প্রতিটি ওয়ার্ডে জনসংখ্যার ভিত্তিতে অতীব দরিদ্র, দুঃস্থ, অসহায় বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাকে প্রতিমাসে সরকার কর্তৃক নির্ধারিত হারে এ ভাতা প্রদান করা হবে।

**০৬.বাস্তবায়ন কর্তৃপক্ষ :**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা কর্মসূচি বাস্তবায়ন করবে। এ বাস্তবায়ন প্রক্রিয়া জেলা সমাজসেবা কার্যালয় এবং উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়সমূহের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল, জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং ওয়ার্ড/ইউনিয়ন/ পৌরসভা এলাকার সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সহায়তায় সম্পাদিত হবে।

(খ) এ কর্মসূচি সার্বিকভাবে তত্ত্বাবধানের জন্য মাননীয় অর্থ মন্ত্রীর সভাপতিত্বে 'সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' থাকবে। তাছাড়া জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলা স্টিয়ারিং কমিটি এবং জাতীয় পর্যায়ে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জাতীয় স্টিয়ারিং কমিটি থাকবে।

**০৭.সমীক্ষা/তথ্য সংগ্রহ ঃ**

বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের ভাতা প্রদান কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনসহ এ কর্মসূচির জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নে তথ্য সংগ্রহ ও ডাটা বেইজ প্রণয়নের লক্ষ্যে সমাজসেবা অধিদফতরের আওতাধীন উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এবং সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় নির্ধারিত ফরম (পরিশিষ্ট-১) অনুযায়ী তথ্য সংগ্রহ করবেন। তিনি নিয়মিতভাবে ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন এবং পরিসংখ্যান বিভাগ হতে বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের বিষয়ে তথ্য সংগ্রহ করে প্রতি বছর বর্ণিত তালিকা হালনাগাদ করবেন।

সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার এ সংক্রান্ত তথ্য উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন। তাছাড়া তাঁর অফিসে একটি রেজিস্টারে এ সংক্রান্ত তথ্য সংরক্ষণ করবেন। সংশ্লিষ্ট কর্মকর্তা উপজেলা/ ইউনিয়ন/পৌরসভা/মহানগর এলাকায় সরকার কর্তৃক পরিচালিত তথ্য সেবা কেন্দ্রে এ সংক্রান্ত তথ্য প্রদান করবেন।

**৮. প্রার্থী নির্বাচনের মানদন্ড :**

(ক) **নাগরিকত্ব** : প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(খ) **বয়স :** বয়স অবস্যই ১৮ (আঠার) বছরের ঊর্ধ্বে হতে হবে। তবে সর্বোচ্চ বয়স্ক মহিলাকে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(গ) **স্বাস্থ্যগত অবস্থা** : যিনি শারীরিকভাবে অক্ষম অর্থাৎ সম্পূর্ণরূপে কর্মক্ষমতাহীন তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে।

(ঘ) **আর্থ-সামাজিক অবস্থা** :

(১) আর্থিক অবস্থার ক্ষেত্রে : নিঃস্ব, উদ্বাস্তু ও ভূমিহীনকে ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে।

(২) সামাজিক অবস্থার ক্ষেত্রে : নিঃসন্তান, পরিবার থেকে বিচ্ছিন্ন ব্যক্তিদেরকে ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে।

(ঙ) **ভূমির মালিকানা** : ভূমিহীন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে। এ ক্ষেত্রে বসতবাড়ী ব্যতিত কোন ব্যক্তির জমির পরিমাণ ০.৫ একর বা তার কম হলে তিনি ভূমিহীন বলে গণ্য হবেন।

**৯. ভাতা প্রাপকের যোগ্যতা ও শর্তাবলী :**

১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;
২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;
৩. বয়ঃবৃদ্ধা অসহায় ও দুঃস্থ বিধবা বা স্বামী পরিত্যক্তা মহিলাকে অগ্রাধিকার প্রদান করা হবে;
৪. যিনি দুঃস্থ, অসহায়, প্রায় ভূমিহীন, বিধবা বা স্বামী পরিত্যক্তা এবং যার ১৬ বছর বয়সের নীচে ২টি সন্তান রয়েছে, তিনি ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
৫. দুঃস্থ, দরিদ্র, বিধবা ও স্বামী পরিত্যক্তাদের মধ্যে যারা প্রতিবন্ধী ও অসুস্থ তারা ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
৬. প্রার্থীর বার্ষিক গড় আয় ঃ অনূর্ধ ১২,০০০ (বার হাজার) টাকা হতে হবে;
৭. বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

**১০.বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রাপ্তির অযোগ্যতা ঃ**

১. যিনি সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের কর্মজীবী;
২. যিনি উত্তরাধিকার সূত্রে পেনশনের সুবিধা পেয়ে থাকেন;
৩. যিনি দুঃস্থ মহিলা হিসেবে ভিজিডি কার্ডধারী;
৪. যিনি অন্য কোনভাবে নিয়মিত সরকারি অনুদান পেয়ে থাকেন;
৫. যিনি কোন বেসরকারি সংস্থা/সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান হতে নিয়মিত আর্থিক অনুদান পেয়ে থাকেন।

**১১.প্রার্থী বাছাই পদ্ধতি :**

**১১.১ বাছাই কমিটি :**

১. **বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা** প্রদানের লক্ষ্যে প্রাথমিকভাবে প্রার্থী বাছাইয়ের জন্য ইউনিয়ন পর্যায়ে একটি কমিটি থাকবে।
২. চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য উপজেলা পর্যায়ে একটি কমিটি থাকবে।
৩. সকল শ্রেণীর পৌরসভার জন্য একটি কমিটি থাকবে।
৪. কমিটিসমূহ তাদের কর্মপরিধি অনুযায়ী ভাতাভোগী নির্বাচন ও ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে।

**১১.২ ভাতা প্রদানের জন্য প্রচার ও দরখাস্ত আহবান :**

১. ভাতাভোগী নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ভাতাভোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট কমিটি ব্যাপক মাইকিং ও প্রচারের মাধ্যমে স্থানীয় জনসাধারণকে একটি উম্মুক্ত মাঠে/বড় হলরুমে সমবেত করবে এবং খোলামেলা আলোচনার মাধ্যমে ভাতাগ্রহীতা/অপেক্ষমাণ গ্রহীতার উপস্থিতিতে নীতিমালার আলোকে যাচাই বাছাই প্রক্রিয়া সম্পন্ন করবে। এরূপ যাচাই বাছাই প্রক্রিয়ায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার(ভূমি), থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্থানীয় এনজিও প্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গ পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন। সভার কার্যবিবরণী থাকতে হবে।
২. বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে উপজেলা পর্যায়ে (পৌরসভাসহ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা বরাবর এবং **জেলা** পর্যায়ে অবস্থিত পৌরসভা এলাকায় শহর সমাজসেবা কর্মকর্তা বরাবরে নির্ধারিত ফরম (পরিশিষ্ট-২) এ আবেদন করতে হবে।

**১১.৩ প্রার্থী বাছাই প্রক্রিয়া :**

১. সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার **বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার** জন্য প্রাপ্ত আবেদনের আলোকে আবেদনকারীদের ইউনিয়ন ও পৌরসভাওয়ারী ওয়ার্ড ভিত্তিক পৃথক তালিকা (তালিকা-১) প্রণয়ন করবেন।
২. ইউনিয়ন কমিটি উক্ত তালিকা ও প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক **বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার** জন্য উপযুক্ত ব্যক্তিদের প্রাথমিক তালিকা (তালিকা-২) প্রণয়ন করবে। ইউনিয়ন কমিটি কর্তৃক প্রণীত তালিকা **১** ও ২ এবং আবেদনপত্রসমূহ উপজেলা কমিটিতে উপস্থাপন করতে হবে। উপজেলা কমিটি প্রার্থী তালিকা ও আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা (তালিকা-৩) প্রণয়ন করবে। অত:পর স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সম্মতি/ অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। একই সাথে কমিটি একটি অগ্রাধিকার ভিত্তিক অপেক্ষমাণ তালিকা (তালিকা-৪) চূড়ান্ত করে রাখবে।

৩. পৌরসভা/মহানগর কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা (তালিকা-২) প্রণয়ন করবে। অত:পর স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সম্মতি/ অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। একই সাথে কমিটি একটি অগ্রাধিকার ভিত্তিক অপেক্ষমাণ তালিকা (তালিকা-৩) চূড়ান্ত করে রাখবে।

৪. ভাতাভোগীদের বিদ্যমান অপেক্ষমাণ তালিকা বাস্তবতার নিরীখে প্রয়োজনবোধে হালনাগাদ করে তার ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫. ইউনিয়ন/পৌরসভার ওয়ার্ড ভিত্তিক তালিকা প্রণয়ন ও ডাটা বেইজ তৈরী করার লক্ষ্যে সকল তালিকার একাধিক Hard Copy এবং Soft Copy সংরক্ষণ করতে হবে।

**১২. যে সকল কারণে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা বাতিল করা যাবেঃ**

১. ভাতাভোগী এলাকা ত্যাগ করে অন্যত্র চলে গিয়ে স্থায়ীভাবে বসবাস করলে কিংবা চলে যাওয়ার তারিখ হতে ৬(ছয়) মাসের মধ্যে নিজ এলাকায় প্রত্যাবর্তন না করলে ভাতা প্রদান তালিকা হতে তার নাম বাতিল করা হবে এবং অপেক্ষমান তালিকা হতে তার স্থলে অগ্রাধিকার ক্রমানুসারে নতুন ব্যক্তিকে অন্তর্ভূক্ত করা যাবে। এক্ষেত্রে ইউনিয়ন পরিষদের ওয়ার্ড মেম্বার ও পৌর এলাকার জন্য ওয়ার্ড কাউন্সিলর ও সমাজসেবা অধিদফতরের আওতাধীন ইউনিয়ন সমাজকর্মী/পৌরসমাজকর্মীর যৌথ সুপারিশের ভিত্তিতে উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশন কমিটি সংশ্লিষ্ট ব্যক্তির ভাতা প্রদানের আদেশ বাতিল করতে পারবে।

২. সরকার কর্তৃক অন্য কোন ভাতা বা নিয়মিত আর্থিক সুবিধা গ্রহণ করলে ;

৩. ভাতার জন্য তালিকাভুক্তির পর ভাতা গ্রহণে ইচ্ছুক না হলে;

৪. একই ব্যক্তি একাধিক এলাকায় ভাতা গ্রহণ করছেন মর্মে প্রমাণিত হলে তার ভাতা প্রদানের আদেশ বাতিল করা হবে।

৫. ভাতা গ্রহণকালীন বিবাহ বন্ধনে আবদ্ধ হলে তার ভাতা প্রদানের আদেশ বাতিল করা হবে।

**১৩.ভাতা পরিশোধ পদ্ধতি :**

১. প্রশাসনিক মন্ত্রণালয় **বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা** বাবদ বাজেটে বরাদ্দকৃত অর্থ বিভিন্ন কিস্তিতে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর ন্যস্ত করবে। তিনি আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে ভাতা বাবদ বাজেটে বরাদ্দকৃত অর্থ অবমুক্ত করে সোনালী ব্যাংকের **বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার** কেন্দ্রীয় হিসাবে জমা করবেন।

২. (ক) ভাতা গ্রহীতাদের সুবিধার্থে সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ভাতা পরিশোধ করতে হবে।

(খ) স্থানীয় সংশ্লিষ্ট প্রতিটি ব্যাংক শাখায় উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়............, 'বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কার্যক্রম' শীর্ষক পৃথক পৃথক ব্যাংক হিসাব খুলতে হবে। উপজেলার ক্ষেত্রে উক্ত হিসাব উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং শহর সমাজসেবা কার্যালয়ের ক্ষেত্রে শহর সমাজসেবা কর্মকর্তা ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। উক্ত হিসাবের অর্থ ভাতাভোগীর হিসাবে স্থানান্তর ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

(গ) সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রেরিত বিভাজন অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয় হতে এ ভাতার অর্থ প্রাথমিক পর্যায়ে উক্ত ব্যাংক হিসেবে জমা করতে হবে।

(ঘ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে ১০ টাকার বিনিময়ে ভাতাভোগীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে। ভাতাভোগীদের চিহ্নিত করার জন্য হিসাব নম্বরের আগে **'বিধবা....'** সংকেত ব্যবহার করতে হবে।

(ঙ) সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা প্রতি কিস্তির বরাদ্দ প্রাপ্তির পর ৭ (সাত) দিনের মধ্যে ব্যাংকে ভাতাভোগীর নাম, ব্যাংক হিসাব নম্বর, সময় এবং স্থানান্তরিত অর্থের পরিমাণ সম্বলিত তালিকার ২ (দুই) কপি ব্যাংক কর্তৃপক্ষের নিকট সরবরাহ করবেন। ব্যাংক কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত তালিকায় বর্ণিত হিসাব নম্বরে ভাতাভোগীর টাকা পোস্টিং প্রদানপূর্বক সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার নিকট প্রত্যয়ন প্রদান করবেন।

(চ) কোন ভাতাভোগী অক্ষর জ্ঞানহীন, গুরুতর অসুস্থ বা অন্য কোন সঙ্গত কারণে অক্ষম হলে সে ক্ষেত্রে তার জীবদ্দশায় নমিনীর মাধ্যমে ভাতার টাকা নিজ ব্যাংক হিসাব হতে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়ন সাপেক্ষে উত্তোলণ করতে পারবেন।

(জ) কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে তার ব্যাংক হিসাবে গচ্ছিত ভাতার অর্থসহ মৃত্যুর মাস ও পরবর্তী ০২ মাসসহ মোট ৩ (তিন) মাসের অর্থ সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়ন সাপেক্ষে নমিনীকে প্রদান করা যাবে।

(ঝ) সমাজসেবা কর্মকর্তা অর্থ বছর সমাপ্তির পর বর্ণিত ব্যাংক হিসাবে অবিতরণকৃত অর্থ/স্থিতির প্রতিবেদন সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত বিবরণী সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন।

৩. পেনশন প্রাপ্তদের পিপিও Pension Payment Order) এর ন্যায় বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার পরিশোধ বই (ভাতার পরিশোধ বই (পরিশিষ্ট-৩) নামে একটি বই থাকবে। এ বইয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক ভাতা প্রাপকের সত্যায়িত ছবি থাকবে। প্রতিটি বইয়ে পৃথক নম্বর সন্নিবিষ্ট থাকবে। এ ক্ষেত্রে পূর্বের ভাতাভোগীদের ক্রমিক নম্বরের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। প্রার্থী তালিকা চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার দিন হতে সর্বোচ্চ ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা ভাতা প্রাপকের নামে ভাতা পরিশোধ বই ইস্যু করবেন। সমাজসেবা অফিসার ভাতা পরিশোধ বই ভাতাভোগীকে প্রদান করবেন এবং এ সংক্রান্ত একটি রেজিস্টার (পরিশিষ্ট-৪) সংরক্ষণ করবেন । ভাতা প্রাপকগণের মধ্যে কেউ পাশ বই হারিয়ে বা নষ্ট করে ফেললে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার বিষয়টি যাচাই বাছাই করে ডুপ্লিকেট পাশ বই ইস্যুর ব্যবস্থা করবেন।

৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা এর কার্যালয় ৩ (তিন) মাস অন্তর বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার বিতরণ সংক্রান্ত তথ্যাবলী একটি রেজিস্টারে(পরিশিষ্ট-৫) সংরক্ষণ করবেন।

৫. যদি শারীরিক অক্ষমতাজনিত কারণে কিংবা পর্দানশীল হওয়ার কারণে কোন ব্যক্তি ভাতা গ্রহণের জন্য সশরীরে উপস্থিত হতে না পারেন, তাহলে তিনি অন্য কোন ব্যক্তিকে তার পক্ষে ভাতা গ্রহণের জন্য মনোনয়ন দান করবেন। আবেদনপত্রের সাথে মনোনীত ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের অনুলিপি ও ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি থাকবে। মনোনীত ব্যক্তি ভাতা গ্রহণ করার সময় প্রতিবার সংশ্লিষ্ট ভাতা প্রাপক জীবিত আছেন মর্মে স্থানীয় জনপ্রতিনিধি (ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/চেয়ারম্যান) এর সনদপত্র পেশ করবেন। নমিনি পরিবর্তন করতে চাইলে সংশ্লিষ্ট ব্যক্তির জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবিসহ সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার বরাবর আবেদন করতে হবে।

৬. সমাজসেবা অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার/উপপরিচালক কর্তৃক পরিচালিত যৌথ ব্যাংক হিসাবে ভাতা বাবদ প্রেরিত অর্থ **৩১** জুলাই এর মধ্যে সংশ্লিষ্ট ভাতাভোগীর ব্যাংক হিসাবে স্থানান্তর/বিতরণ করতে হবে। **৩১** জুলাই এর পর কোনো অর্থ ভাতাভোগীর ব্যাংক হিসাবে স্থানান্তর/বিতরণ করা যাবে না। বিষয়টি সমাজসেবা কর্মকর্তা বহুল প্রচারের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন। **৩১** জুলাই এর পর অব্যয়িত অর্থের বিষয়ে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। ভাতাভোগীর মৃত্যু বা নিরুদ্দেশ হওয়ার কারণে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে যাতে ভাতার অর্থ পড়ে না থাকে সে বিষয়ে সমাজসেবা অফিসারকে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭. **বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা** ভাতা গ্রহীতা মৃত্যুবরণ করলে তার মৃত্যুর ৭(সাত) দিনের মধ্যে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ইউপি সদস্য/য়ার্ড কাউন্সিলর/মেয়র কর্তৃক মৃত্যু সম্পর্কিত সনদপত্র প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা ভাতাভোগীর মৃত্যুর সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে তার ব্যাংক হিসাবে রক্ষিত বকেয়া অর্থ নমিনীকে প্রদানের বিষয়ে প্রত্যয়নপত্র প্রদান করবেন। ভাতাভোগী যে মাসে মৃত্যুবরণ করবেন সে মাসের সমুদয় ভাতাসহ পরবর্তী ২ মাসের ভাতা তাঁর মনোনীত ব্যক্তি পাবেন। উদাহরণঃ কোনো ভাতাভোগী জানুয়ারি মাসের ১৫তারিখে মৃত্যুবরণ করেছেন। সেক্ষেত্রে তাঁর নমিনী পূর্বের বকেয়াসহ (যদি থাকে) মার্চ মাস পর্যন্ত ৩ (তিন) মাসের ভাতা পাবেন।

ভাতাভোগীর মৃত্যুজনিত কারণে তার ব্যাংক হিসাবে রক্ষিত ভাতার অর্থ গ্রহণের জন্য নমিনী পাওয়া না গেলে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার উক্ত ভাতার অর্থ সমাজসেবা অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার/উপপরিচালক কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাবে স্থানান্তর করবেন। মৃত্যুবরণকারী ভাতাভোগী সর্বশেষ যে মাস পর্যন্ত ভাতা গ্রহণ করেছেন তার পরের মাস হতে নতুন অন্তর্ভূক্ত ব্যক্তি ভাতা পাবেন। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা মৃত্যুবরণকারী ভাতাভোগীর পরিবর্তে সংশ্লিষ্ট ওয়ার্ডের অনুমোদিত অপেক্ষমান তালিকা (সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত) হতে নতুন ভাতাভোগী নির্বাচনপূর্বক ভাতা প্রদান নিশ্চিত করবেন এবং বাস্তবায়ন কমিটির পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। তাছাড়া সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালক এর মাধ্যমে বিতরণ ও অবিতরণ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন।

সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার অর্থ বছর শেষে অর্থাৎ পরবর্তী আগষ্ট মাসে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার সাংবাৎসরিক কর্মকান্ডের প্রতিবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন, যেখানে ভাতগ্রহণকারীর নাম, মৃত বা অন্যত্র চলে যাওয়া ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপনকৃতদের নাম এবং অনিবার্য কারণে যদি কোন ভাতা বিতরণ করা না যায় তা হলে সে সমস্ত ভাতা গ্রহণ না করা ব্যক্তিদের নাম ও এ সংক্রান্ত আনুষ্ঠানিক তথ্যাদি উপস্থাপন করবেন।

৮. সমাজসেবা অধিদফতর হতে কেন্দ্রীয় ব্যাংক হিসাবের অনুকূলে চেক ও বিভাজন জমা হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে মাঠ পর্যায়ে ব্যাংকের শাখাসমূহে ভাতার অর্থ পৌছাতে হবে। ব্যাংকের শাখাসমূহে ভাতার অর্থ পৌছানোর সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তাকে অবহিত করবেন। সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার এর নিকট হতে অনুচ্ছেদ ১৩(২) (ঙ) অনুযায়ী ভাতা বিতরণ সংক্রান্ত তালিকা প্রাপ্তির পরই ব্যাংক কর্তৃপক্ষ ভাতাভোগীর চাহিদা মোতাবেক ভাতার অর্থ পরিশোধ করবেন। তাছাড়া ভাতা বিতরণকারী ব্যাংক প্রতি মাসের ১ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের হিসাব বিবরণীর এক কপি সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ও এক কপি তাঁর উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন। সমাজসেবা কর্মকর্তা প্রতিবেদনসমূহ সমন্বয় করে এক কপি সংশ্লিষ্ট কমিটির সভাপতি বরাবর ও এক কপি জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবেন। উপ-পরিচালক জেলাধীন সকল কার্যালয়ের প্রতিবেদন সমূহ সমন্বয় করে সমন্বিত প্রতিবেদন সমাজসেবা অধিদফতরে প্রেরণ নিশ্চিত করবেন। সমাজসেবা অধিদফতর সমন্বিত প্রতিবেদন সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। ব্যাংক কর্তৃপক্ষ ৩ মাস অন্তর ব্যয়িত অর্থের সমন্বিত প্রতিবেদনের এক কপি মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর ও এক কপি সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং এক কপি অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৯. ভাতাভোগীদের সুবিধার্থে সংশ্লিষ্ট ব্যাংকে একটি পৃথক কাউন্টার খুলতে হবে । ভাতাভোগীগণ তাঁদের সুবিধামত সময়ে ভাতার অর্থ ঐ কাউন্টারের মাধ্যমে উত্তোলন করতে পারবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ও ব্যাংক কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

১০. উপজেলা নির্বাহী অফিসার/উপপরিচালক ও সমাজসেবা অফিসার কর্তৃক পরিচালিত যৌথ ব্যাংক হিসাবে নির্ধারিত সময়ের পর যদি কোনো অর্থ অব্যয়িত থাকে তবে এ বিষয়ে সরকারী সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**১৪. ভাতাভোগীর তালিকা ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি :**

১. সমাজসেবা কর্মকর্তা মঞ্জুরীকৃত ভাতা প্রাপকদের তালিকা (Hard ও Soft কপি), প্রয়োজনীয় উপকরণ যেমন-আবেদনপত্র, ভাতা পরিশোধ বই, ছবি ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ করবেন। তিনি নির্বাচিত ভাতা প্রাপকদের তালিকা সম্বলিত রেজিষ্টার (পরিশিষ্ট-৫) সংরক্ষণ করবেন।

২. প্রতি ইউনিয়নে/পৌরসভার প্রতি ওয়ার্ডে ১০ জনের (যদি থাকে) একটি অগ্রাধিকার ক্রমানুযায়ী তালিকা সম্বলিত রেজিষ্টার (পরিশিষ্ট-৬) সংরক্ষণ করতে হবে।

৩. কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে তার নামে ইস্যুকৃত ভাতা পরিশোধ বই বাতিল হিসেবে সমাজসেবা কর্মকর্তা তাঁর অফিসে সংরক্ষণ করবেন।

৪. ইউনিয়ন, উপজেলা ও পৌরসভার বাছাইকৃত নতুন প্রার্থীর সংখ্যা সারাদেশের বিধবা ও স্বামী পরিত্যাক্তা দু:স্থ মহিলার আনপাতিক হারে নির্ণয় করা হবে। সিটি কর্পোরেশন এবং ক ও খ শ্রেণীর পৌরসভার জন্য কোটা প্রদানের ক্ষমতা সমাজকল্যাণ মন্ত্রণালয় সংরক্ষণ করবে।

৫. ১২.১ অনুচ্ছেদে বর্ণিত কারণে ভাতা প্রদানের আদেশ বাতিল হলে বাতিলকৃত ভাতাভোগীর তথ্য সংরক্ষণ করতে হবে।

৬. প্রতি বৎসর মৃত্যুবরণকারী ভাতাভোগীদের তালিকা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ কমিটির পরবর্তী সভায় মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর পেশ করবেন। এ জন্য মাঠ পর্যায় থেকে ৬ (ছয়) মাস পর পর এ ধরনের নতুন ভাতাভোগীদের তালিকা সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে।

৭. সংশ্লিষ্ট এলাকায় স্থায়ীভাবে বসবাস না করলে বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে তার ভাতা প্রদানের আদেশ বাতিল করে তদস্থলে অপেক্ষমাণ তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে নতুন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮. কোন ইউনিয়ন/পৌরসভা/উপজেলার জন্য নির্ধারিত কোটা ঐ এলাকায় বসবাসকারী প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থী দ্বারা পূরণ করা সম্ভব না হলে তার পার্শ্ববর্তী ইউনিয়ন/পৌরসভা/উপজেলা যেখানে অধিক সংখ্যক ভাতা প্রাপ্তির যোগ্যতাসম্পন্ন ব্যক্তি রয়েছে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে এবং একই জেলার অধীন অন্য উপজেলা বা পৌরসভায় স্থানান্তর করতে হলে জেলা স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তক্রমে ঐ এলাকার কোটা পূরণের পর অবশিষ্ট কোটা সেখানে স্থানান্তর করা যাবে।

৯. সমাজসেবা কর্মকর্তা ও উপপরিচালক ভাতা সংক্রান্ত বরাদ্দ, বিতরণ, অবিতরণ, মৃত্যু, অন্যত্র চলে যাওয়া বা অন্যান্য কারণে স্থলাভিষিক্ত ভাতাভোগীর বিষয়ে বছর শেষে সমন্বিত সমাপনী প্রতিবেদন সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন।

১০ (ক) বিশেষ বিবেচনায় কিংবা প্রাকৃতিক দূর্যোগ কিংবা সরকার কর্তৃক ঘোষিত বিশেষ এলাকা অর্থাৎ দরিদ্র ও পশ্চাৎপদ এলাকার (চর/পাহাড়ী/দুর্যোগপ্রবণ/উপকূলীয় ও দূর্গম এলাকা) জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় বিশেষ কোটা সংরক্ষণ করতে পারবে।

(খ) সরকার জাতীয় স্বার্থে বিশেষ বিবেচনায় বাংলাদেশের যে কোন এলাকার জন্য বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা খাতে সাধারণ বরাদ্দের অতিরিক্ত বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(গ) এ নীতিমালা জারীর পর হতে বিদ্যমান বাজেটে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উক্ত বরাদ্দের ১০% পর্যন্ত সমাজকল্যাণ মন্ত্রণালয় বিশেষ কোটা হিসেবে সংরক্ষণ করে জরুরী বিবেচনায় প্রয়োজনীয় ক্ষেত্রে ভাতাভোগী নির্বাচন ও তা বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**১৫.পরিবীক্ষণ ও মূল্যায়ন :**

১.জাতীয় পর্যায়ে একটি কর্মসূচি সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনার জন্য পরিবীক্ষণ ও তত্ত্বাবধানের গুরুত্ব অপরিসীম। সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচি সুদৃঢ়করণে **বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা** কার্যক্রমের প্রভাব, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন/পরিবর্তন, পরবর্তী পরিকল্পনা/ কর্মসূচি গ্রহণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরে একটি শক্তিশালী যুগোপযোগী পরিবীক্ষণ ও তত্ত্বাবধান সেল থাকবে।

২. উপজেলা/শহর সমাজসেবা অফিসারগণ প্রতি মাসে নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালকগণের নিকট প্রেরণ করবেন। জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালকগণ প্রতি মাসের নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদন সমন্বিত ও একীভূত করে সমাজসেবা অধিদফতরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন।

৩. উপপরিচালক ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারদের পাশাপাশি জেলা স্টিয়ারিং কমিটি ও উপজেলা/শহর পর্যায়ে গঠিত বাস্তবায়ন কমিটি এ কর্মসূচির সার্বিক বিষয়াদি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। সদর কার্যালয়ে গঠিত মনিটরিং সেলে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিয়মিতভাবে উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় পরিচালিত এ কর্মসূচি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন। তাছাড়া এ কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি ও মন্ত্রিসভা কমিটিও প্রতি বছর বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়নপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

৪. সরকারি/বেসরকারি পর্যায়ে গবেষণামূলক প্রতিষ্ঠানকে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা কার্যক্রম এর সার্বিক মূল্যায়নের দায়িত্ব প্রদান করা যাবে।

**১৬. বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কমিটিসমূহ :**

**১৬.১ ইউনিয়ন কমিটি :**

১৬.২ **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | - সভাপতি |
| ২. | মাননীয় স্থানীয় সংসদ সদস্যের প্রতিনিধি ২ (দুই) জন (১ জন পুরুষ ও ১ জন মহিলা) | - সদস্য |
| ৩. | উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | -সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সদস্য/সদস্যা | - সদস্য |
| ৬. | ইউনিয়ন সমাজকর্মী | -সদস্য সচিব। |

১৬.৩ **নির্বাচন স্থগিত এমন ইউনিয়ন পরিষদ কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট ইউনিয়নের প্রতিটি ওয়ার্ড হতে মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত ১ (এক) জন গণ্যমান্য ব্যক্তি | - সদস্য |
| ৩. | উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদের সচিব | - সদস্য |
| ৬. | ইউনিয়ন সমাজকর্মী | -সদস্য সচিব |

১৬.৪ **কমিটির কর্মপরিধি :**

১. বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা প্রদানের জন্য প্রাথমিকভাবে প্রার্থী বাছাই করে তালিকা প্রণয়ন ;
২. প্রণীত তালিকা চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে সুপারিশসহ উপজেলা কমিটির নিকট পেশ;
৩. প্রাথমিকভাবে প্রার্থী বাছাই সংক্রান্ত অভিযোগের নিস্পত্তিকরণ; তবে আপীলের প্রশ্ন দেখা দিলে তা নিস্পত্তির জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করবে।
৪. কমিটি প্রতি ৩ মাস পর পর সভা আহবান করবে।

**১৭.স্থানীয় গণ্যমান্য ব্যক্তি বলতে নিম্নবর্ণিত ব্যক্তিকে বোঝাবে :**

১. নেতৃস্থানীয় সমাজসেবক/সংগঠক
২. শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান
৩. ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান
৪. অবসরপ্রাপ্ত বেসামরিক/সামরিক কর্মকর্তা/কর্মচারী ।

১৮.উপজেলা কমিটি :

**১৮.১ কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদের চেয়ারম্যান | - সভাপতি |
| ২. | উপজেলা  নির্বাহী অফিসার | - সহসভাপতি |
| ৩. | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ | - সদস্য |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| ৬. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| ৭. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | - সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | - সদস্য |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - সদস্য |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| ১১. | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ১২. | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি  ১(এক) জন | - সদস্য |
| ১৩. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ | - সদস্য |
| ১৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - সদস্যসচিব |

**বিঃ দ্রঃ**

০১. সংশ্লিস্ট এলাকার মাননীয় সংসদ সদস্য উপজেলা কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেষনা দান করবেন।

০২. তাছাড়া, স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট মহিলা সংগঠন হতে কমিটি প্রয়োজনে অনধিক ৩ (তিন) জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

১৮.২ **কমিটির কর্মপরিধি ঃ**

১. ইউনিয়ন কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা যাচাই/বাছাইপূর্বক  মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণকরণ;

২. ভাতা প্রদান কার্যক্রম তদারকীসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিস্পত্তিকরণ;

৩. ইউনিয়ন পর্যায়ে অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতাভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ;

৪. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও সুপারিশ প্রেরণ;

৫. বছরে অন্তত: ৪ (চার) বার কমিটির সভা আহবান;

**১৯.পৌরসভা কমিটি (সকল শ্রেণীর পৌরসভার জন্য) :**

**১৯.১ কমিটির গঠন :**

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) (জেলা পর্যায়ের পৌরসভা) /উপজেলা নির্বাহী অফিসার (উপজেলা পর্যায়ের পৌরসভা) - সভাপতি
২. মাননীয় স্থানীয় সংসদ সদস্যের প্রতিনিধি ২(দুই) জন (১জন পুরুষ ও ১ জন মহিলা) - সদস্য
৩. পৌরসভার মেয়র এর প্রতিনিধি ১ (এক) জন - সদস্য
৪. পুলিশ সুপারের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভার জন্য)/ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) - সদস্য
৫. সিভিল সার্জনের প্রতিনিধি(জেলা পর্যায়ের পৌরসভার জন্য )/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য) - সদস্য
৬. জেলা মুক্তিযোদ্ধা সংসদের (জেলার ক্ষেত্রে) প্রতিনিধি ১(এক) জন - সদস
৭. সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলর - সদস্য
৮. উপজেলা/জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা - সদস্য
৯. উপজেলা/জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা - সদস্য
১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা - সদস্য
১১. সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক - সদস্য
১২. উপজেলা/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য
১৩. উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের (উপজেলার ক্ষেত্রে) প্রতিনিধি ১ জন - সদস্য
১৪. শহর সমাজসেবা প্রকল্প সমন্বয় পরিষদের প্রতিনিধি (জেলা পর্যায়ের পৌরসভা) - সদস্য
১৫. সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা - সদস্যসচিব

বিঃ দ্রঃ স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি(সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট মহিলা সংগঠন হতে কমিটি প্রয়োজনে অনধিক ৩ (তিন) জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

**১৯.২ কমিটির কর্মপরিধি :**

১. প্রাপ্ত আবেদনপত্রের আলোকে প্রার্থী তালিকা যাচাই/বাছাইপূর্বক চুড়ান্তকরণ এবং মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ;
২. ভাতা প্রদান কার্যক্রম তদারকীসহ যাবতীয় আপীল অভিযোগ নিস্পত্তিকরণ;
৩. পৌরসভা/শহর এলাকায় অবস্থিত সোনালী, জনতা, অগ্রণী, বাংলাদেশ কৃষি ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতাভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ;
৪. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ;
৫. বছরে অন্ততঃ ৪ (চার) বার কমিটির সভা আহবান;

বিঃ দ্রঃ নির্বাচন স্থগিত এমন পৌরসভার ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব পৌরসভার প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করবেন।

**২০.জেলা স্টিয়ারিং কমিটি :**

**২০.১ কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক/ পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান (পার্বত্য জেলার ক্ষেত্রে) | - সভাপতি |
| ২. | পার্বত্য জেলার ক্ষেত্রে জেলা প্রশাসকের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ৩. | জেলার সকল মাননীয় স্থানীয় সংসদ সদস্যের ১ জন করে প্রতিনিধি | - সদস্য |
| ৪. | মেয়রের প্রতিনিধি (সিটি কর্পোরেশনভুক্ত জেলা) | - সদস্য |
| ৫. | মেয়র (সিটি কর্পোরেশন বহির্ভুত জেলা) | - সদস্য |
| ৬. | জেলার সকল উপজেলা চেয়ারম্যান | - সদস্য |
| ৭. | সিভিল সার্জন | - সদস্য |
| ৮. | পুলিশ সুপার | - সদস্য |
| ৯. | জেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি ১ (এক) জন | - সদস্য |
| ১০. | জেলা সমাজকল্যাণ পরিষদের সহসভাপতি(জাতীয় সমাজকল্যাণ পরিষদের সদস্য) | সদস্য |
| ১১. | জেলা শিক্ষা অফিসার | - সদস্য |
| ১২. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | - সদস্য |
| ১৩. | বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের প্রতিনিধি/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ১৪. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| ১৫. | জেলা তথ্য অফিসার | - সদস্য |
| ১৬. | মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, সোনালী/জনতা/অগ্রণী/ বাংলাদেশ কৃষি/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | - সদস্য |
| ১৭. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | - সদস্যসচিব |

বিঃ দ্রঃ কমিটি প্রয়োজনে সরকারি কলেজের অধ্যক্ষ, জাতীয় মহিলা সংস্থা, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট মহিলা সংগঠন হতে অনধিক ৩ (তিন) জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

২০.২ কমিটির কর্মপরিধি :

১. জেলার আওতাধীন উপজেলা ও শহর অঞ্চলের ভাতা কার্যক্রম বাস্তবায়নের সার্বিক তত্ত্বাবধান;
২. ভাতা প্রদানের ক্ষেত্রে উদ্ভুত চ্যালেঞ্জসমূহ সমাধান;
৩. পরিদর্শন/মনিটরিং এবং জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট সুপারিশ প্রেরণ;
৪. উপজেলা ও শহর অঞ্চলের বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদানের ক্ষেত্রে আপত্তি মিমাংসার জন্য অ্যাপিলেট বডি হিসেবে দায়িত্ব পালন;
৫. বছরে কমপক্ষে ৩ বার সভা আহবান।

## ২১.জাতীয় স্টিয়ারিং কমিটি :

### ২১.১ কমিটির গঠন :

| | |
|---|---|
| ১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | - সদস্য |
| ৩. স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | - সদস্য |
| ৪. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | - সদস্য |
| ৫. শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | - সদস্য |
| ৬. যুগ্ম সচিব (কর্মসূচি সংশ্লিষ্ট), সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| ৭. খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | - সদস্য |
| ৮. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | - সদস্য |
| ৯. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নীচে নয়) | - সদস্য |
| ১০. প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালকের নীচে নয়) | - সদস্য |
| ১১. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | - সদস্য |
| ১২. মহাব্যবস্থাপক,সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | - সদস্য |
| ১৩. সরকার কর্তৃক মনোনীত ১ জন মহিলা প্রতিনিধি | - সদস্য |
| ১৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর | - সদস্যসচিব |

বিঃ দ্রঃ শিক্ষাবিদ, জাতীয় মহিলা সংস্থা,গবেষণামূলক প্রতিষ্ঠান, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট মহিলা সংগঠন হতে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনে অনধিক ৩(তিন) জন সদস্য কো-অপ্ট করতে পারবেন।

### ২১.২ কমিটির কর্মপরিধি ঃ

১. বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কার্যক্রম এর অগ্রগতি তদারকিকরণ;

২. উচ্চ পর্যায়ের সমন্বয় ও সুপারিশমালা প্রণয়ন;

৩. পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

৪. বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যা নিরসনে পরামর্শ ও নির্দেশনা প্রদান;

৫. বছরে অন্ততঃ ৩ টি সভা আহবান।

**২২.সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা** কমিটি :

**২২.১ কমিটি গঠন :**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় অর্থ মন্ত্রী | - সভাপতি |
| ২. | মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - সদস্য |
| ৩. | মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| ৪. | মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| ৫. | মাননীয় প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |

২২.২ **কর্মপরিধি** ঃ

১. প্রতি বৎসর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় বয়স্কভাতা প্রদান কর্মসূচির পূর্ববর্তী বৎসরের সার্বিক মূল্যায়ন ও পরবর্তী বৎসরের বাজেট নির্ধারণ করা;

২. অক্ষম প্রতিবন্ধীদের জন্য ভাতা বিতরণ কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং পরবর্তী বৎসরের বাজেট নির্ধারণ করা;

৩. বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের জন্য ভাতা বিতরণের সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং পরবর্তী বৎসরের এ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা;

৪. অসচ্ছল মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম, প্রার্থী বাছাইয়ে অনুমোদিত নীতিমালার সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং এ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা;

৫. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা বিতরণ কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা; এবং

৬. প্রতিবন্ধীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা।

২২.৩ সমাজকল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
২২.৪ কমিটি বছরে অন্ততঃ ১ (এক) বার বৈঠকে মিলিত হবে। তবে প্রয়োজনে বিশেষ সভা আহবান করা যাবে।

২৩.সরকার নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করবে।

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা মঞ্জুরীর আবেদন পত্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজসেবা অধিদফতর**

**উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় .................**

(আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করবেন অথবা অন্য কারো দ্বারা পূরণপূর্বক নিজে স্বাক্ষর/টিপসহি দিবেন)

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

বরাবর,

সমাজসেবা কর্মকর্তা
উপজেলা/শহর সমাজসেবাকার্যালয়,...............
জেলা ................................

বিষয়ঃ বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা মঞ্জুরীর জন্য আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমার বর্তমান বয়স ................. বছর। আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত............টাকা হারে বিধবা/স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রাপ্তির জন্য আবেদন জানাইতেছি এবং এই সূত্রে নিম্নলিখিত তথ্যাদি আপনার সহানুভূতিশীল বিবেচনার জন্য পেশ করিতেছি।

(১) নামঃক)বাংলায়ঃ.................................................(খ) ইংরেজিতেঃ.......................................
(২) পিতার নামঃ.................................................. (৩) মাতার নাম : ...................................
(৪) মৃত/তালাকপ্রাপ্ত/নিরুদ্দেশ/পরিত্যক্তাকারী স্বামীর নাম :.....................................................
(৫) জন্ম তারিখঃ........................ (৬) জাতীয় পরিচিতি/জন্ম নিবন্ধন নম্বরঃ....................................
(৭) ধর্মঃ................. (৮) পেশাঃ..................
(৯) ঠিকানাঃ

(ক) বর্তমানঃ..................................... (খ)স্থায়ীঃ..................................................
............................................... ....................................................
............................................... ....................................................

(১০) আবেদনকারীর বার্ষিক গড় আয় :......................।

(১১) স্বাস্থ্য গত অবস্থা : প্রযোজ্য ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিনঃ

☐ ☐ ☐ ☐ ☐

১) সম্পূর্ণ কর্মক্ষমহীন ২) অসুস্থ ৩) অপ্রকৃতিস্থ ৪) প্রতিবন্ধী ৫) আংশিক ক্ষমতাহীন

(১২) আর্থ-সামাজিক অবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিন):

(ক)আর্থিক অবস্থাঃ ☐ ☐ ☐

(১) নিঃস্ব (২) উদ্বাস্তু (৩) ভূমিহীন

(খ) সামাজিক অবস্থাঃ ☐ ☐ ☐ ☐

(১) বিধবা (২) তালাকপ্রাপ্তা (৩) স্বামী পরিত্যাক্তা (৪) পরিবার থেকে বিচ্ছিন্ন

(১৩) সনাক্তকরণ চিহ্ন :

(১৪) সনাক্তকারী :

..........................................................

(ওয়ার্ড সদস্য/সদস্যা/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান)

(১৫) **আমার শারীরিক অক্ষমতাজনিত কারণে আমার নামে বরাদ্দকৃত ভাতার অর্থ গ্রহণের জন্য আমি উপস্থিত হইতে অক্ষম। এমতাবস্থায়, আমার নামে ভাতা গ্রহণের জন্য নিম্নলিখিত ব্যক্তিকে মনোনয়ন দান করিলাম। উলেখ্য, আমার মৃত্যুর পর নির্দিষ্ট সময় পর্যন্ত মনোনীত ব্যক্তি নীতিমালা অনুযায়ী ভাতা উত্তোলন করিতে পারিবেন।**

নমিনীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

| মনোনীত ব্যক্তির নাম | ঠিকানা | ভাতা গ্রহীতার সংগে সম্পর্ক | মনোনীত ব্যক্তির নমুনা স্বাক্ষর/টিপসহি | ভাতাভোগীর প্রতিস্বাক্ষর/টিপসহি |
|---|---|---|---|---|

আপনার অনুগত,

সনাক্তকারীর নাম ও স্বাক্ষর
(সীলমোহর)

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি :
আবেদনকারীর নাম :

(১৬) আবেদনকারীর বর্ণনা সত্য। তিনি বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা প্রাপ্তির যোগ্য/অযোগ্য। তাঁকে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান করা যেতে পারে/পারেনা।

ইউপি সদস্য/চেয়ারম্যান/পৌরসভা/সিটি
কর্পোরেশনের কাউন্সিলরের স্বাক্ষর
(নামের সীলমোহর)

মঞ্জুরকারী কর্তৃপক্ষের
স্বাক্ষর
সমাজসেবা কর্মকর্তা
(নামের সীলসহ)

পরিশিষ্ট- ৩

বই নম্বরঃ...................

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা পরিশোধ বই :

(ভাতা গ্রহণকারীর অংশ)

| পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি |
|---|

১। খরচ বহনকারী : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২। হিসাবের খাত/কোড : ................................................

৩। ভাতা গ্রহীতার নাম : ................................................

৪। পিতা নাম : ...............................................

৫। মৃত/তালাকপ্রাপ্ত/নিরুদ্দেশ/পরিত্যক্তাকারী স্বামীর নামঃ...............................

৬। মাতার নাম : ...............................................

৭। জাতীয় পরিচিতি/জন্ম নিবন্ধন নম্বর : ................................................

৮। জন্ম তারিখ : ...............................................

৯। ধর্মঃ..................................... ১০। পেশাঃ.....................................

১১। ঠিকানা :

(ক) স্থায়ী : .........................................................

............................................................

............................................................

............................................................

(খ) বর্তমান :.........................................................

............................................................

............................................................

............................................................

৯। ভাতাভোগীর সনাক্তকরণ চিহ্নঃ

সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর

(নামের সীলসহ) :

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা পরিশোধের আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমাজসেবা কর্মকর্তার অফিস

.................................... ।

নং তারিখ :

জনাব,

অন্য কোন আদেশ না পাওয়া পর্যন্ত প্রত্যেক মাস শেষ হলে অনুগ্রহপূর্বক ........................... কে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা বাবদ .................. টাকা প্রদানের এই আদেশনামা উপস্থাপন ও পূরণকৃত প্রয়োজনীয় ফরম ও রশিদ দাখিলের পর পরিশোধ করা হোক।

স্বাক্ষর:

পদবী (নামের সীলসহ):

ম্যানেজার

.......................... ব্যাংক

............................ শাখা

থানা/উপজেলা ঃ

জেলা ঃ

টীকাঃ ১। এই আদেশের অধীনে কেবল স্বশরীরে উপস্থিত বিধবা/স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতাভোগীকেই অর্থ পরিশোধ করিতে হইবে।

২। পর্দানশীল মহিলা এবং **শারীরিক অসুস্থতাজনিত কারণে** উপস্থিত হতে অসমর্থ দুঃস্থ বিধবা/স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতাভোগী তার পক্ষে ভাতা গ্রহণের জন্য অন্য কোন ব্যক্তিকে লিখিতভাবে মনোনয়ন প্রদান করিবেন এবং মনোনীত ব্যক্তি ভাতা গ্রহণের সময় প্রতিবার সংশ্লিষ্ট বিধবা/স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা জীবিত আছেন এই মর্মে স্থানীয় প্রতিনিধি (ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান) এর সনদপত্র পেশ করিবেন;

৩। বিধবা/স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতাভোগীর মৃত্যুর পর এই আদেশনামা বাতিল বলে গণ্য হবে।

প্রতিমাসের ভাতা পরিশোধ সংক্রান্ত ছক:

১।	বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতার পরিমাণ: টাকা :...........কথায় :

২।	প্রত্যেক বারের দেয় টাকা লিপিবদ্ধ করতে হবে :

| মাসের নাম (যে মাসের ভাতা পরিশোধ করতে হবে) | মাসিক ভাতার হার | প্রদেয় টাকার পরিমাণ | টাকা পরিশোধের তারিখ | ভাতাগ্রহীতার স্বাক্ষর/ টিপসহি | ভাতা পরিশোধকারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

পরিশিষ্ট- ১

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার কার্যক্রমের তথ্য সংগ্রহ ফরম:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়

ওয়ার্ড নং :

ইউনিয়নের নাম :

উপজেলার নাম :

জেলার নাম :

| ক্রঃ নং | নাম (বাংলা ও ইংরেজি) | পিতা/ স্বামীর নাম | মাতার নাম | বিধবা/স্বামী পরিত্যাক্তা | গ্রাম/ মহল্লার নাম | জন্ম তারিখ | ধর্ম | পেশা | জাতীয় পরিচিতি/জন্ম নিবন্ধন নম্বর | পরিবারের সদস্য সংখ্যা | পরিবারের বার্ষিক গড় আয় | ভূমির পরিমাণ | সম্পূর্ণ/ আংশিক কর্মক্ষম/কর্মঅক্ষম | সরকার কর্তৃক প্রদত্ত নিয়মিত অন্য কোন আর্থিক সুবিধা পান কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | | | | | | | | | | |

........................................
ইউনিয়ন সমাজকর্মী/টি আই এর স্বাক্ষর

.....................................
ফিল্ড সুপারভাইজার স্বাক্ষর

......................................
সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর

পরিশিষ্ট- ৪

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতার পরিশোধ বই বিতরণ রেজিষ্টার:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়
.........................................

| ক্রমিক নং | ভাতাবোগীর নাম | পিতা/স্বামী মাতার নাম | মাতার নাম | গ্রাম/মহল্লার নাম | ওয়ার্ড নং | ইউনিয়নের নাম | ভাতাভোগী হিসেবে চূড়ান্ত অনুমোদনের তারিখ | ভাতা পরিশোধ বই ইস্যুর তারিখ | ভাতা পরিশোধ বই নং | সনাক্তকারীর স্বাক্ষর | ভাতাভোগীর স্বাক্ষর/টিপসই | বিতরণকারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

.........................................
সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর
(সীলমেহরসহ)

পরিশিষ্ট- ৬

**ভাতাপ্রাপ্ত বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের তালিকা সম্বলিত রেজিষ্টার এর নমুনাঃ**

উপজেলার নাম ঃ
জেলার নামঃ

| ক্রঃ নং | ভাত ভোগীর নাম (বাংলা ও ইংরেজিতে) | পিতার নাম | মাতার নাম | স্বামীর নাম | ইউনিয়ন | ওয়ার্ড | জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | ধর্ম | পেশা | ভাতা পরিশোধ বই নং | ব্যাংক হিসাব নং | বাস্তবায়ন কমিটির সভার নম্বর ও তারিখ (অনুমোদনের তারিখ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | | |

বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

পরিশিষ্ট- ৭

**ভাতা প্রাপ্তির যোগ্য** বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের **অপেক্ষমাণ তালিকা সম্বলিত রেজিষ্টার এর নমুনাঃ**

উপজেলার নাম ঃ
জেলার নামঃ

| ক্রঃ নং | ভাত ভোগীর নাম (বাংলা ও ইংরেজিতে) | পিতার নাম | মাতার নাম | স্বামীর নাম | ইউনিয়ন | ওয়ার্ড | জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর | জন্ম তারিখ | ধর্ম | পেশা | বাস্তবায়ন কমিটির সভার নম্বর ও তারিখ (অনুমোদনের তারিখ) | যৌক্তিক কারণে কোনো ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির বই নম্বর | যার স্থলে প্রতিস্থাপিত হলো তার নাম | প্রতিস্থাপনের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | | |

বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা পরিশোধ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণের নমুনা ‘ছক’

**অর্থ বছর ঃ**

ওয়ার্ড নং :
ইউনিয়নের নাম :
উপজেলার নাম :
জেলার নাম :

| ক্রঃ নং | উপকারভোগীর নাম | পিতা/স্বামীর নাম | গ্রামের নাম | মাতার নাম | ভাতা পরিশোধ বহি নং | ব্যাংক হিসাব নং | মাসিক ভাতা পরিশোধের বিবরণ | | | | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | জুলাই | আগষ্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারী | ফেব্রুয়ারী | মার্চ | এপ্রিল | মে | জুন | মোট | |
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. | ১৩. | ১৪. | ১৫. | ১৬ | ১৭. | ১ | ১৯ | ২০. | ২১. |
| ১. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১০. | | | | | | | | | | | | | | | | | | | | |

সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর ও সীল ফিল্ড সুপারভাইজারের স্বাক্ষর ইউনিয়ন সমাজকর্মীর নাম ও স্বাক্ষর